



গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর অনুচ্ছেদ-৩১(খ) অনুযায়ী কিশোরগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেসী হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ (২০২১ সালের জন্য) নবায়নের সময়সীমা আগামী ৩১ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উল্লিখিত বর্ধিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে অস্ত্রের ধরণ অনুযায়ী নবায়ন ফি এবং ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক তাঁদের আগ্নেয়াস্ত্র লাইসেন্স এ কার্যালয় থেকে নবায়নের জন্য অনুরোধ করা হলো।

জ্ঞাতব্য বিষয়সমূহ:

১. পিস্তল/রিভলবার এর লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।
২. বন্দুক/শটগান/রাইফেল এর লাইসেন্স নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৩. আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের লাইসেন্স নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৪. প্রতিষ্ঠান পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।
৫. ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৬. সেফ কিপিং প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন ফি ৩,০০০/- (তিন হাজার) টাকা।
৭. আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি বাবদ অর্থ কোড নং ১-২২১১-০০০০-১৮৫৯ এবং নবায়ন ফি'র ওপর ১৫% ভ্যাট কোড নং ১-১১৩৩-০০১৫-০৩১১ খাতে চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কিশোরগঞ্জ শাখায় জমা দিতে হবে। লাইসেন্স নবায়নের সময় চালানের মূল কপি দাখিল করতে হবে।
৮. সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা এবং জাতীয় বেসরকারি কর্মকর্তাদের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী সার্ভিস কর্মকর্তাদের লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য হবে না। এক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র সঙ্গে আনতে হবে।
৯. আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময় মূল লাইসেন্স, অস্ত্র ও গোলাবারুদ/গুলি সঙ্গে আনতে হবে। অস্ত্র ও গোলাবারুদ/গুলি থানা অথবা উপযুক্ত কোন কর্তৃপক্ষের নিকট জমা থাকলে জমার মূল রশিদ প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, আগামী ১৬/০১/২০২১ তারিখ কিশোরগঞ্জ পৌরসভা ও কুলিয়ারচর পৌরসভা এবং ৩০/০১/২০২১ তারিখ কটিয়াদী পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী উক্ত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ দিন হতে ভোটগ্রহণের পরবর্তী ০৫ দিন নির্বাচনী এলাকায় অস্ত্রের লাইসেন্সধারীগণ অস্ত্রসহ চলাচলের উপর নিষেধাজ্ঞা থাকবে। যার ফলে ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ এবং ২৮, ২৯, ৩০, ৩১ জানুয়ারি ও ১, ২, ৩, ৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখসমূহে নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাচল করা যাবে না বিধায় সংশ্লিষ্ট লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের ক্ষেত্রে অস্ত্র ও গোলাবারুদ/গুলি থানায় জমা রেখে নবায়নের সময় জমার মূল রশিদ প্রদর্শন করতে হবে।
১০. নির্ধারিত সময়ের মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা না হলে প্রচলিত বিধান অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

শ্রী. নবদেবপ্রসাদ
স্বাক্ষর
০৫/১২/২০

মোঃ রফিকুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
অস্ত্রগ্রাম, কিশোরগঞ্জ

০৫/১২/২০
মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
কিশোরগঞ্জ
ফোন: ০৯৪১৬১৭৫৫
ফ্যাক্স: ০৯৪১৬১৭২২
ই-মেইল: dckishoreganj@mopa.gov.bd